

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
আইসিটি সেল
শ্রম ভবন, ১৯৬, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি,
বিজয়নগর, ঢাকা-১০০০.
www.dife.gov.bd

অধিদপ্তরের ইনোভেশন টিমের ২০২৩-২০২৪ অর্থবছরের ৩য় সভার কার্যবিবরণী


সভাপতি : জনাব মিনা মাসুদ উজ্জামান
অতিরিক্ত মহাপরিদর্শক (যুগ্ম সচিব)
সভার তারিখ : ০৭/০২/২০২৪ খ্রিঃ
সভার সময় : সকাল ১১.০০ টা
স্থান : মিনি সভাকক্ষ, প্রধান কার্যালয়
উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর, আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনাপূর্বক নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

	আলোচ্যবিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	অধিদপ্তরের ইনোভেশন টিমের নিকট প্রেরিত উদ্ভাবনী ধারণাসমূহ পর্যালোচনা	প্রশাসন অধিশাখার যুগ্ম মহাপরিদর্শক জনাব মোঃ বুলবুল আহমেদ কর্তৃক প্রেরিত 'স্মার্ট সিটিজেন চার্টার বা KIOSK মেশিন স্থাপন' সংক্রান্ত ধারণাটি সভায় উপস্থাপন করা হয়। সভাপতি উক্ত ধারণার কার্যকারিতা বিবেচনা করে অধিদপ্তরের উদ্ভাবন কর্মপরিকল্পনার আলোকে তা বাস্তবায়ন করার নির্দেশনা দেন। ধারণাটি বাস্তবায়নের যাবতীয় ব্যয় অধিদপ্তরের 'ইনোভেশন' কোড থেকে নির্বাহ করার জন্য তিনি সিদ্ধান্ত প্রদান করেন।	১। 'স্মার্ট সিটিজেন চার্টার বা KIOSK মেশিন স্থাপন' সংক্রান্ত ধারণাটি বাস্তবায়নের জন্য পদক্ষেপ গ্রহণ করতে হবে; ২। 'স্মার্ট সিটিজেন চার্টার বা KIOSK মেশিন স্থাপন' সংক্রান্ত ধারণাটি বাস্তবায়নের সকল ব্যয় অধিদপ্তরের 'ইনোভেশন' কোড থেকে নির্বাহ করা হবে।	১। ইনোভেশন টিম ২। প্রশাসনিক কর্মকর্তা
২	অধিদপ্তরের ইনোভেশন টিম পুনর্গঠন সংক্রান্ত	ইনোভেশন টিমের সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, টিমের একজন সদস্য জনাব মোঃ ফরহাদ মাহমুদ সোহাগ লিয়নে আইএলও-তে যোগদান করার ফলে একজন নতুন সদস্য নেওয়া প্রয়োজন। সভাপতি আলোচনা শেষে জনাব আল আমিন, সহকারী মহাপরিদর্শক (সাধারণ)-কে ইনোভেশন টিমে রেখে তাঁকে সদস্য সচিব নির্বাচন করেন এবং অন্যান্য সদস্যদের রেখে ইনোভেশন টিম গঠন সংক্রান্ত পূর্বের অফিস আদেশটি বাতিল করে নতুন করে করার নির্দেশ প্রদান করেন।	১। ইনোভেশন টিমের সদস্য সচিব হিসেবে জনাব আল আমিন, সহকারী মহাপরিদর্শক (সাধারণ) -কে রেখে ইনোভেশন টিম পুনর্গঠনের অফিস আদেশ জারি করতে হবে।	১। প্রশাসন অধিশাখা

<p>৩</p> <p>ইনোভেশন শো-কেসিং আয়োজন</p>	<p>সদস্য সচিব জানান এ বছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী ২০২৪ সালের ০৯ মে তারিখের মধ্যে আওতাধীন কার্যালয়সমূহের অংশগ্রহণে একটি ইনোভেশন শো-কেসিং আয়োজন করতে হবে এবং শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচন করে পুরস্কৃত করতে হবে। সভাপতি উপযুক্ত সময়ে একটি শোকেসিং আয়োজন করে সকল উপমহাপরিদর্শকের কার্যালয়কে এ বিষয়ে অবহিত করার নির্দেশ দেন।</p>	<p>১। অধিদপ্তরের আওতাধীন মাঠ পর্যায়ের সকল কার্যালয়ের অংশগ্রহণে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ অনুযায়ী একটি শোকেসিং আয়োজন করতে হবে।</p>	<p>১। ইনোভেশন টিম ২। প্রশাসন অধিশাখা</p>
---	---	---	--

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


 মিনা মাসুদ উজ্জামান
 অতিরিক্ত মহাপরিদর্শক (যুগ্মসচিব)
 +৮৮০২২২৬৬৬৪২০৪ (ফোন)
addig@dife.gov.bd

নম্বর: ৪০.০১.০০০০.১০১.৯৯.০০৮.২০- ৬৫২

তারিখ: ০৭/০২/২০২৪

বিতরণ:

- ১। যুগ্ম মহাপরিদর্শক, প্রশাসন অধিশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;
- ২। জনাব মোঃ তাওহীদুল হক ভূঁইয়া, সহকারী মহাপরিদর্শক (সাধারণ), সাধারণ অধিশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;
- ৩। প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;
- ৪। জনাব প্রতিষ্ঠা বড়ুয়া, শ্রম পরিদর্শক (স্বাস্থ্য), আইসিটি সেল, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;
- ৫। জনাব সাক্বির আনোয়ার, শ্রম পরিদর্শক (সাধারণ), আইসিটি সেল, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;
- ৬। অফিস কপি।

মিনা মাসুদ উজ্জামান
 অতিরিক্ত মহাপরিদর্শক (যুগ্মসচিব)

